লাতিই

# স্থানান্তর সম্পর্কে তোমার যা জানা দরকার

## আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী



**দ্রষ্টব্য।** এই পুস্তিকায় এমন তথ্য রয়েছে যা তোমার জন্য গুরুত্বপূর্ণ। তুমি যদি কিছু বুঝতে না পারো তবে তুমি একজন কর্মকর্তাকে ব্যাখ্যা করতে বলতে পারো।

BENGALI

# বিষয়বস্তু

স্থানান্তর কী? 3

যদি তুমি নির্বাচিত হও, তুমি কোন দেশে স্থানান্তরিত হবে? 4

তুমি যদি স্থান পরিবর্তনের জন্য নির্বাচিত হও তবে তোমার কাছে কী আশা করা হয় ? 5

যদি তুমি নিজের দায়িত্বগুলো পালন না করো, তাহলে কী হবে? 5

যদি তোমার সাথে পরিবারের সদস্যরা থাকে? 6

স্থানান্তরের আগে একটি সাক্ষাৎকার নেওয়া হবে কী? 6

তুমি যদি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও তবে তুমি কী করতে পারো? 7

- সম্মিলিত সাসপেনসিভ এফেক্ট এবং সাবস্টেনসিভ আপিলের জন্য আবেদন –
- পৃথক সাসপেনসিভ এফেক্ট এবং সাবস্টেনসিভ আপিলের জন্য আবেদন –

স্থানান্তর প্রক্রিয়া কত সময় নেবে? –

স্থানান্তরের পর কী হবে? –

# স্থানান্তর কী?

ইউরোপীয় ইউনিয়নের দেশগুলি এবং আরও 4টি দেশ আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ (AMMR) নামক একটি সাধারণ আইনমেনে চলতে সম্মত হয়েছে। এই আইনটি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পরীক্ষা করার জন্য এই দেশগুলির মধ্যে কোনটি দায়িত্বপ্রাপ্ত তা নির্ধারণ করতে সাহায্য করে। এই দেশগুলোকে EU+ দেশ বলা হয়।



যদি একটি দেশ একবারে আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনেকগুলি আবেদন গ্রহণ করে এবং এটি সেগুলি প্রক্রিয়াকরণ করতে না পারে তবে অন্যান্য দেশগুলি বিভিন্ন উপায়ে তাদের সাহায্য করতে পারে। আবেদনকারীদের কিছু অন্য দেশে স্থানান্তরিত হতে পারে। এটিকে স্থানান্তর বলা হয়।

এই পরিস্থিতি দেখা দিলে, আন্তর্জাতিক সুরক্ষার জন্য তোমার আবেদন এই দেশে পরীক্ষা করা নাও হতে পারে। বর্তমানে শুধুমাত্র 26টি EU+ দেশ অন্য দেশে স্থানান্তরে অংশগ্রহণ করতে পারে।

**গুরুত্বপূর্ণ! তুমি এখন ইতালি এ আছ, যা একটি EU+ দেশ।**

বর্তমানে যে 26টি EU+ দেশ স্থানান্তরে অংশগ্রহণ করতে পারে তারা হল: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি।

5টি "সম্পর্কিত" দেশ এবং অন্যান্য কাউন্টিগুলি বর্তমানে স্থানান্তরে অংশগ্রহণ করছে না: আইসল্যান্ড, ডেনমার্ক, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

## যদি তুমি নির্বাচিত হও, তাহলে তোমাকে কোন দেশে স্থানান্তরিত করা হবে?

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে কাকে স্থানান্তর করা হবে।


প্রথমত, তারা পরীক্ষা করবে যে তোমার অন্য কোন দেশে **দৃঢ় সংযোগ** আছে কিনা। এই সংযোগগুলি এর উপর ভিত্তি করে হতে পারে:

- পারিবারিক বিবেচনা (ঘনিষ্ঠ পরিবারের সদস্যরা কিন্তু পরিবারের আরও বর্ধিত অংশ যেমন চাচাতো/মামাতো/খালাতো ভাই/বোন )
- সাংস্কৃতিক বিবেচনা (উদাহরণস্বরূপ যদি তুমি সেই দেশের ভাষায় কথা বলো )

**গুরুত্বপূর্ণ!** তুমি কোন দেশে স্থানান্তরিত হবে তা বেছে নিতে পারবে না।

যদি তোমার কাছে অন্য কোনো দেশের সাথে তোমার সংযোগ প্রমাণ করার নথি থাকে, তাহলে তোমাকে অবশ্যই তা অবিলম্বে কর্তৃপক্ষকে প্রদান করতে হবে। অন্যথায়, কর্তৃপক্ষ তোমার সংযোগকে আমলে নিতে পারবে না।

যাইহোক, এটি নিশ্চয়তা দেয় না যে তুমি সেই দেশে স্থানান্তরিত হবে।



অন্য কোনো দেশের সাথে তোমার কোনো দৃঢ় সংযোগ না থাকলে, স্থানান্তরে অংশগ্রহণকারী দেশগুলোর দ্বারা নির্ধারিত একটি দেশে তোমাকে স্থানান্তর করা হবে।

অন্য কোন দেশের সাথে তোমার শক্তিশালী সংযোগ আছে তা দেখানোর প্রমাণ তোমার কাছে থাকলে, নিচের তথ্য ব্যবহার করা করে তা জমা দিতে হবে।

## যদি তুমি স্থান স্থানান্তরের জন্য নির্বাচিত হও তবে তোমার কাছে কী আশা করা হয়?



তুমি যদি স্থানান্তরের জন্য নির্বাচিত হও তবে তোমাকে অবশ্যই:

- কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে হবে এবং তাদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে
- তোমার ভ্রমণের তারিখ পর্যন্ত এই দেশে থাকতে হবে এবং কর্তৃপক্ষ অবশ্যই তোমার সাথে যোগাযোগ করতে সক্ষম হতে হবে
- তোমার আবেদন পরীক্ষা না হওয়া পর্যন্ত স্থানান্তর করা দেশেই থাকো ।

## যদি তুমি কর্তৃপক্ষের সাথে সহযোগিতা না করো, তাহলে কী হবে?

**গুরুত্বপূর্ণ!** তুমি কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে অস্বীকার করলে, এটি তোমার জন্য নেতিবাচক পরিণতি ঘটাবে।

তুমি যদি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো দেশে চলে যাও বা স্থানান্তর করা দেশ থেকে চলে যাও, তাহলে তুমি আবেদনকারী হিসেবে তোমার কিছু অধিকার হারাবে। যেমন:

- তুমি **অনেক পরিষেবা এবং সহায়তা পাবে না**
- তুমি আর কাজ করতে বা কোর্সে অংশ নিতে **পারবে না।**




## তোমার সাথে পরিবারের সদস্যরা থাকলে কীহবে?

তুমি যদি বর্তমানে তোমার পরিবারের ঘনিষ্ঠ সদস্যদের সাথে থাকো এবং তুমি স্থান পরিবর্তনের জন্য নির্বাচিত হও, তাহলে তোমার পরিবারকে তোমার সাথে একসাথে স্থানান্তর করা হবে।

পরিবারের ঘনিষ্ঠ সদস্যদের বিবেচনা করা হয়:



- তোমার স্বামী বা স্ত্রী
- তোমার অবিবাহিত সঙ্গী যার সাথে তোমার একটি স্থিতিশীল সম্পর্ক রয়েছে



- তোমার সন্তান (18 বছরের কম বয়সী এবং অবিবাহিত)।

## স্থানান্তরের আগে কি একটি সাক্ষাৎকার নেওয়া হবে?



তোমার কাছ থেকে আরও তথ্যের প্রয়োজন হলে, একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করা হবে। এতে নিরাপত্তার বিষয়ে নজর দেওয়া হবে। তোমার যদি এমন কোনো সাক্ষাৎকারে যাওয়ার প্রয়োজন হয়, কর্তৃপক্ষ তোমাকে আগেই সেই বিষয়ে বিস্তারিত জানাবে।

## তুমি যদি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও তবে তুমি কী করতে পারো?



যদি তুমি স্থানান্তরের জন্য নির্বাচিত হও, তাহলে তোমাকে কোন দেশে স্থানান্তরিত করা হবে তা জানিয়ে একটি **স্থানান্তরের সিদ্ধান্ত** প্রদান করা হবে।

যদি তুমি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও, তুমি তোমার কারণগুলো আদালতে জানাতে পারো। একে বলা হয় আপিল দায়ের করা। যখন তুমি কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবে, আদালত বা ট্রাইব্যুনাল চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।



লাগলে, একজন আইনি উপদেষ্টা এবং একজন দোভাষী তোমাকে বিনামূল্যে আপিল করতে সাহায্য করতে পারে।

স্থান পরিবর্তনের সিদ্ধান্তের জন্য আপিল করার জন্য শুধুমাত্র তিনটি কারণ রয়েছে:

- যদি তুমি দাবি করো যে ঐ নির্দিষ্ট EU+ দেশটিতে স্থানান্তর করলে তোমার মানবাধিকার লঙ্ঘিত হবে।
- স্থানান্তর করার সিদ্ধান্তের সময় পাওয়া যায়নি এমন নতুন তথ্য যা সেই সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে।
- তোমার অন্য কোনো EU+ দেশে পরিবার আছে যাদের সাথে তোমাকে মিলিত হতে দেওয়া উচিত।

তুমি যদি অন্য দেশে স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও, তবে স্থানান্তরের সিদ্ধান্তে উল্লেখিত সময়সীমার মধ্যে তোমাকে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হবে।

তোমাকে দেওয়া স্থানান্তরের সিদ্ধান্তে উল্লেখ করা হবে কত সময়ের মধ্যে, কোথায় এবং কীভাবে আপিল করতে হবে।

তোমাকে অন্য দেশে স্থানান্তরিত করার সিদ্ধান্তের সাথে কেন তুমি একমত নও তার কারণ বা কারণগুলি তোমাকে দিতে হবে।

তোমার আপিল চলাকালীন তোমাকে কেন অন্য দেশে স্থানান্তর করা হবে না তার কারণ বা কারণগুলিও তোমাকে জানাতে হবে।

আদালত প্রথমে সিদ্ধান্ত নেবে যে তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারো কিনা যখন তোমার আপিল **1 মাস** ধরে চলে । এটাকে বলা হয় সাসপেনসিভ এফেক্টের উপর আপিল।


আদালত যদি সিদ্ধান্ত নেয় যে তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারবে না, তাহলে তোমার আপিল চলমান থাকা অবস্থায় তোমাকে স্থানান্তরিত করা হবে।

যদি আদালত সিদ্ধান্ত নেয় যে তোমার আপিল চলাকালীন তোমাকে এই দেশে থাকার অনুমতি দেওয়া উচিত, তাহলে আদালত সাস্পেনসিভ এফেক্টের সিদ্ধান্তের তারিখের 1 মাসের মধ্যে তোমাকে স্থানান্তরিত হওয়া দেশে স্থানান্তর করা উচিত কিনা সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেওয়ার চেষ্টা করবে।

যদি তোমার আপিল গ্রহণ না হয়, তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত । আদালত তার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার তারিখের 4 সপ্তাহের মধ্যে স্থানান্তর করা উচিত হবে।

**গুরুত্বপূর্ণ!** তোমাকে অবশ্যই কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে হবে এবং স্থানান্তর করা দেশে চলে যেতে হবে।

# স্থানান্তর পদ্ধতিটি কত সময় নেবে?




যদি তুমি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল না করো, তাহলে EU+ দেশ কর্তৃক স্থানান্তরের অনুরোধ নিশ্চিত করার 4 সপ্তাহের মধ্যে স্থানান্তর সম্পন্ন করা উচিত।

যদি কোনো আদালত সিদ্ধান্ত নেয় যে তোমার আপিল চলতে থাকা অবস্থায় এই দেশে থাকার কোনো কারণ নেই, তোমার আপিল চলতে থাকা অবস্থায় তোমাকে স্থানান্তরিত করা হবে।

তুমি যদি স্থানান্তরের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করো এবং আদালত সিদ্ধান্ত নেয় যে তোমার আপিল চলতে থাকাকালীন তোমাকে এই দেশে থাকার অনুমতি দেওয়া ভালো হবে, তাহলে আপিল প্রত্যাখ্যান করা হলে আপিলের সিদ্ধান্তের 4 সপ্তাহের মধ্যে স্থানান্তর করা উচিত হবে। স্থানান্তরের তারিখের কমপক্ষে 2 দিন আগে তোমাকে জানানো হবে। তোমার আবেদন গৃহীত হলে, তোমাকে স্থানান্তর করা হবে না এবং তুমি এই দেশেই থাকবে।

যদি কোনো আদালত সিদ্ধান্ত নেয় যে তোমার আপিল চলতে থাকাকালীন এই দেশে থাকার কোনো কারণ নেই, তাহলে তোমার আপিল চলতে থাকা অবস্থায় তোমাকে স্থানান্তরিত করা হবে।

## স্থানান্তরের পর কী হবে?

সাধারণত, আন্তর্জাতিক সুরক্ষার জন্য তোমার আবেদনটি স্থানান্তর করা দেশ দ্বারা পরীক্ষা করা হবে। যদি, তোমার স্থানান্তরের পরে এটি দেখা যায় যে তোমার পরিবারের একজন সদস্য অন্য দেশে আছে তোমাকে তোমার আবেদন পরীক্ষা করার জন্য সেই দেশে স্থানান্তর করা হতে পারে।

এই পুস্তিকাটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপাদানের মূল অংশ প্রদান করেছে, এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন এবং পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই পুস্তিকায় অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। এই পুস্তিকায় প্রাপ্ত তথ্য ব্যবহারের জন্য EUAA বা EUAA-এর পক্ষে কর্মরত কোনও ব্যক্তি দায়ী নয়।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025